

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৮৮২

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১১. দ্বিতীয় অনুচ্ছেদ - ওয়া'দা বা প্রতিশ্রুতি

### আরবী

وَعَن عبدِ الله بن عامرٍ قَالَ: دَعَتْنِي أُمِّي يَوْمًا وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَاعِدٌ فِي بَيْتِنَا فَقَالَتْ: هَا تَعَالَ أُعْطِيكَ. فَقَالَ لَهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَا أَرَدْتِ أَنْ أُعْطِيهُ تَمْرًا. فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَمَا أَنْ تُعْطِيهِ؟» قَالَتْ: أَرَدْتُ أَنْ أُعْطِيهُ تَمْرًا. فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَمَا إِنَّكِ لَوْ لَمْ تُعْطِيهِ شَيْئًا كُتِبَتْ عَلَيْكِ كَذِبَةٌ» . رَوَاهُ أَبُو دَاؤُدَ وَالْبَيْهَقِيُّ فِي «شُعَبِ الْإِيمَانِ» الْإِيمَانِ»

#### বাংলা

৪৮৮২-[৫] 'আবদুল্লাহ ইবনু 'আমির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন আমার মা আমাকে ডাকলেন, তখন রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ অালাইহি ওয়াসাল্লাম আমাদের ঘরে বসা ছিলেন। মা বললেনঃ এদিকে এসো, তোমাকে কিছু দেব। তখন রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম মাকে বললেনঃ তুমি তাকে কি দিতে ইচ্ছা করেছ? তিনি বললেনঃ আমি তাকে একটি খেজুর দিতে ইচ্ছা করেছি। তখন রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তাঁকে বললেনঃ সাবধান! যদি তুমি তাকে কিছু না দিতে, তবে তোমার 'আমলনামায় একটি মিথ্যা কথা লেখা হত। (ইমাম আবূ দাউদ এবং বায়হাক্লী' 'ভ'আবুল ঈমানে' বর্ণনা করেছেন।)[1]

## ফটনোট

[1] হাসান : আবূ দাউদ ৪৯৯১, সিলসিলাতুস্ সহীহাহ্ ৭৪৮, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ২৯৪৩, মুসান্নাফ ইবনু আবু শায়বাহ্ ২৫৬০৯।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (وَرَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَاعِدٌ) त्रमूलूङ्कार সাङ्काङ्काञ् वालारेरि (وَرَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَاعِدٌ) त्रमूलूङ्कार সাङ्काङ्काञ्च वालारेरि ওয়াসাङ्काম তখন আমাদের ঘরে বলছিলেন। সে বাক্যটি অবস্থামূলক ব্যাখ্যা করছে। (فَقَالَتْ: هَا) অতঃপর



বললেন, নাও গ্রহণ কর। 🖾 শব্দটি সতর্কমূলক হিসেবে ব্যবহৃত।

مَا أَرَدْتِ أَنْ) 'আসো' শব্দটি কথাকে আরো জোড়ালো করেছে। (أَعْطِيكُ) আমি তোমাকে কিছু দিব। (أَعْطِيهِ ثَعْطِيهِ وَاللّٰهُ عُطِيهِ أَمْا إِنَّكِ لَوْ لَمْ تُعْطِيهِ شَيْنًا) তুমি তাকে কি জিনিস দিতে চাচ্ছ? (أَمَا إِنَّكِ لَوْ لَمْ تُعْطِيهِ شَيْنًا) সাবধান! তুমি যদি তাকে কিছুই না দাও। এ বাক্যে لَمُ শব্দটি সতর্কমূল হিসেবে ব্যবহৃত। (كُتِبَتْ عَلَيْكِ كَذِبَةٌ) তাহলে তোমাকে মিথ্যাবাদী হিসেবে আখ্যায়িত করা হবে অথবা এক প্রকার মিথ্যার আশ্রয় নিবে।

এ হাদীসের শিক্ষা হলো : সন্তান কান্নাকাটি করার সময় মানুষ মুখে যা বলে, যেমন কোন কিছু দেয়া মিথ্যা আশ্বাস অথবা ভয়-ভীতি দেখানো ইত্যাদি হারাম মিথ্যার অন্তর্ভুক্ত। ('আওনুল মা'বূদ ৮ম খন্ত, হাঃ ৪৯৮৩)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ বিন আমের

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন